



সিএসএস পরিচালিত
হোপ পলিটেকনিক ইনস্টিটিউট

স্থাপিত-২০১১ খ্রিঃ
প্রতিষ্ঠান কোড: ৩৫১৪৩

তারিখ: ০৮/০৫/২০২৫ খ্রিঃ

ফরম ফিলাপ সংক্রান্ত বিজ্ঞপ্তি


এতদ্বারা হোপ পলিটেকনিক ইনস্টিটিউটে ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত সকল নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীদের বিশেষভাবে জানানো যাচ্ছে যে, ১ম, ৩য়, ৫ম, ৭ম পর্ব নিয়মিত ও ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্ব অকৃতকার্য বিষয় ও ৮ম পর্ব অনিয়মিত পরীক্ষা-২০২৪ আগামী ১৮/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ বুধবার হতে শুরু হবে। সুতরাং উক্ত পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত আগামী ২২/০৫/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ফরম ফিলাপ ফি, জুন'২৫ মাস পর্যন্ত বেতন ও হোস্টেল সিট ভাড়াসহ সকল বকেয়া পরিশোধ করার জন্য বলা হল।

উল্লেখ্য যে, উক্ত তারিখের মধ্যে ফরম ফিলাপ বাবদ ফিসহ উক্ত মাস পর্যন্ত সকল প্রকার বকেয়া পরিশোধ করতে ব্যর্থ হলে বোর্ড নির্ধারিত ৩০০.০০ (তিনশত) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে আগামী ২৭/০৫/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ১:০০ টা এবং আগামী ২৫/০৫/২০২৫ খ্রিঃ তারিখের পর ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা জরিমানা পরিশোধ সাপেক্ষে ফরম ফিলাপ করা যাবে।

প্রকাশ থাকে যে, বকেয়া পরিশোধ ব্যতীত কোনো পরীক্ষার্থীকে ফরম ফিলাপ করার অনুমতি প্রদান করা হবে না।


বিশেষভাবে উল্লেখ্য যে, ফরম ফিলাপ বাবদ নির্ধারিত ফি রিসিপশন অথবা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের নিকট হতে জেনে নেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।


(মোঃ আব্দুল সালাম শরীফ)
অধ্যক্ষ
হোপ পলিটেকনিক ইনস্টিটিউট
খুলনা।

অনুলিপি: (সদয় অবগতি/কার্যার্থে):

- ১। বিভাগীয় প্রধান-সকল, হোপ পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা (অবগতির জন্য)।
- ২। হোস্টেল ওয়ার্ডেনবন্দ, হোপ পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৩। ইনফরমেশন অ্যান্ড ডকুমেন্টেশন অফিসার, হোপ পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা (অবগতির জন্য)।
- ৪। আইটি অফিসার, এমএফপি, সিএসএস প্রধান কার্যালয়, বটিয়াঘাটা, খুলনা (নোটিশটি এইচপিআই এর ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। অফিস নথি।


(আশুতোষ কুমার বিশ্বাস)
উপাধ্যক্ষ
হোপ পলিটেকনিক ইনস্টিটিউট
খুলনা।